

এ কেমন হল মন আমার !
কী ভাব এ যে কিছুই বুঝিতে যে পারি নে ।
পাষণহৃদয় গলিল কেন রে !
কেন আজি আঁখিজল দেখা দিল নয়নে !
কী মায়া এ জানে গো ,
পাষণের বাঁধ এ যে টুটিল ,
সব ভেসে গেল গো , সব ভেসে গেল গো-
মরুভূমি ডুবে গেল করুণার প্লাবনে ॥

Parjaay: Balmiki-Pratibha, Taal: Kaharwa, Raag: Kafi
Visit www.geetabitan.com for notation and other detail